

## গার্ল গাইডস-এর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন

সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশন বিভিন্ন কর্মসূচি পালন করে। এসব কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পর্যায়ে গার্ল গাইডের র্যালিতে অংশগ্রহণ, পক্ষকালব্যাপী স্বাক্ষর জ্ঞান প্রদান ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

গার্ল গাইডের কর্মকর্তা দৌলতজাহান বুলবুলের সার্বিক তত্ত্বাবধানে সর্বজনীন শিক্ষা বিস্তার আর নিরক্ষরমুক্ত সমাজ গড়ে তোলার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষার সম্পূরক শিক্ষা হিসেবে গার্ল গাইডের শিক্ষা কর্মসূচির মাধ্যমে উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম রেঞ্জারদের পরিচালনায় হলদে পাখির নিউমার্কেট সংলগ্ন আইয়ুব আলী কলোনি, শান্তিবাগ ও সবজি বাগান, রমনা কেন্দ্রগুলোতে পক্ষকালব্যাপী স্বাক্ষর দান কর্মসূচি পালন করে। আইয়ুব আলী কলোনির হলদে পাখি ফাতেমা আক্তার ষপ্পা, শান্তিবাগের হলদে পাখি হালিমা আক্তার ও সবজি বাগানের হলদে পাখি আমেনা খাতুন নিজ পরিবারের মা-বাবা, ভাই-বোন, আত্মীয় ও প্রতিবেশীদের প্রায় ৪/৫ জনকে স্বাক্ষর জ্ঞান প্রদান করে।

কর্মসূচির ২য় পর্যায়ে ২রা সেপ্টেম্বর বেইলি রোড গাইড হাউস জাতীয় কার্যালয়ে 'আমার চোখে বাংলাদেশ' শীর্ষক এক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি ও গার্ল গাইডের গণশিক্ষা কেন্দ্রের হলদে পাখিসহ শতাধিক হলদে পাখি এ প্রতিযোগিতায় অংশ নেয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় 'ক' দল গণশিক্ষা কেন্দ্রের শান্তিবাগের রেবা, আইয়ুব আলী কলোনির ষপ্পা ও সবজি বাগানের আমেনা যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে।

এ উপলক্ষে ৭ই সেপ্টেম্বর সকাল ১০টায় বেইলি রোড গাইড হাউস অডিটোরিয়ামে এক আলোচনা সভা এবং স্বাক্ষরদানকারী ও চিত্রাঙ্কন প্রতিযোগীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশনের জাতীয় কমিশনার ও বিশ্ব গার্ল গাইডস ও গার্ল স্কাউটস সংস্থার সহ-সভানেত্রী রেহানা বানুর সভানেতৃত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিভাগীয় কমিশনার পদ্মী নাইয়ার সুলতানা। অনুষ্ঠানে মেয়ে শিশুর পারিবারিক অবস্থানের ওপর একজন হলদে পাখির অভিভাবক মডামত প্রকাশ করেন ও হলদে পাখির কিভাবে তাদের স্বাক্ষরদান কার্যক্রম বাস্তবায়ন করেছে তা উপস্থাপন করে। অনুষ্ঠানশেষে চিত্রাঙ্কন বিজয়ী ও স্বাক্ষরদানকারীদের মধ্যে প্রধান অতিথি সার্টিফিকেট বিতরণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।